গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.gsb.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

**বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের মার্চ, ২০২৫ খ্রি. মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | **১৯ মার্চ ২০২৫ খ্রি.** |
| সভার সময় | **১০:০০ ঘটিকা** |
| স্থান | ৪র্থ তলার সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের মার্চ, ২০২৫ মাসের সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি সকলকে সময়মতো অফিসে উপস্থিতির ব্যাপারে তাগিদ প্রদান করেন এবং উপস্থিত শাখা প্রধানগণকে তার শাখার কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি বিষয়ে তদারকি করার নির্দেশনা প্রদান করেন।

২। মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের মতামত বা সংশোধনী প্রস্তাব আছে কিনা জানতে চান এবং কোন মতামত বা সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিতে গত ১৮/০২/২০২৫ তারিখে অনুষ্ঠিত ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

৩। গত ১৮/০২/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| **ভূবিজ্ঞান সংক্রান্ত আলোচনা** | | | |
| **অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা** | | | |


| | | | |
|---|---|---|---|
| ৩.১ | জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান, অপারেশন ও সমন্বয় বলেন, মহাপরিচালক মহোদয়ের নির্দেশে সকল শাখা প্রধানের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সেখানে আলোচনা হয় যে, কূপ খননের জন্য প্রায় এক কিলোমিটার রাস্তা মেরামত করতে হবে এবং প্রায় ৩০০ মিটার রাস্তা নতুন করে নির্মাণ করতে হবে। এ কাজ সম্পন্ন করতে প্রায় দেড় মাস সময় লাগবে বলে ধারণা পাওয়া গেছে। এছাড়া টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করতে আরও সময়ের প্রয়োজন হবে। অর্থবছরে মাত্র ০৩ (তিন) মাস মাত্র অবশিষ্ট আছে। এ সময়ে রাস্তা মেরামত ও টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কূপ খনন কাজ সম্পন্ন করার জন্য যতেষ্ট সময় পাওয়া যাবে না। অতঃপর সকল শাখা প্রধানের সমন্বয়ে আলোচনা করে সিদ্ধান্ত গৃহীত হয় যে, এই অর্থবছর কূপ খনন করা হবে না এবং আগামী অর্থবছরের শুরু থেকেই খনন প্রক্রিয়ার যাবতীয় কার্যক্রম শুরু করা হবে যাতে ২০২৫ এর ডিসেম্বরের মধ্যেই খনন সম্পন্ন করা যায়। সভাপতি উক্ত সভার কার্যবিবরণী করা হয়েছে কিনা জানতে চাইলে জানানো হয় যে এখনও করা হয়নি এবং সভাপতি দ্রুত এই সভাটির কার্যবিবরণী তৈরি করতে বলেন, যাতে ভবিষ্যতে প্রমাণক হিসেবে এটি বিবেচনা করা যেতে পারে। অতঃপর সভাপতি আগামী অর্থবছরের শুরু থেকেই কূপ খনন প্রক্রিয়ার প্রস্তুতি গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ২০২৫-২০২৬ অর্থবছরের শুরু থেকে কূপ খনন প্রক্রিয়ার প্রস্তুতি গ্রহণ করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| ৩.২ | "গেজেটভূক্ত পাথর কোয়ারিসমূহের পাথরের মজুদ, উত্তোলনযোগ্য পাথরের পরিমাণ এবং উত্তোলনের সময় নির্ধারণ" বিষয়ক বিশেষ কর্মসূচি বিষয়ে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, কর্মসূচির চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। সভাপতি বলেন যে, এ বিষয়টা তাদারকি করার জন্য একটা কমিটি করা হয়েছিল, কমিটি কাজ করছে কিনা। পরিচালক (অপারেশন ও সমন্বয়) জানান যে, কমিটি এ বিষয় নিয়ে কয়েকটি সভা করেছে এবং প্রতিবেদন ও প্রকিউরমেন্ট পরিকল্পনাসহ নানা বিষয় নিয়ে সভায় আলোচনা করা হয়েছে। সভাপতি উল্লেখ করেন যে, যেহেতু চূড়ান্ত প্রতিবেদন জমা হয়েছে এবং কার্যক্রম এখানেই শেষ করা যেতে পারে মর্মে সচিব মহোদয়কে অবহিত করা হলে তিনিও একমত পোষণ করেছেন। অতএব "গেজেটভূক্ত পাথর কোয়ারি সমূহের পাথরের মজুদ, উত্তোলনযোগ্য পাথরের পরিমাণ এবং উত্তোলনের সময় নির্ধারণ" বিষয়ক বিশেষ কর্মসূচির কার্যক্রম সিলেট ও সুনামগঞ্জ জেলায় কাজের মাধ্যমে সমাপ্ত ঘোষণা করা হলো এবং কার্যক্রমের বাকি টাকা বিএমডিকে ফেরত পাঠানের ব্যবস্থা নিতে হবে। | গেজেটভূক্ত পাথর কোয়ারিসমূহের পাথরের মজুদ, উত্তোলনযোগ্য পাথরের পরিমাণ এবং উত্তোলনের সময় নির্ধারণ কার্যক্রমটি সিলেট ও সুনামগঞ্জ জেলায় কাজের মাধ্যমে সমাপ্ত করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখাসহ বিশেষ কর্মসূচি পরিচালক |
| **নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.৩। | গত অর্থ বছরে কুমিল্লা শহর ও আশেপাশের এলাকায় পরিচালিত বহিরংগন কাজের স্যাম্পলের এ্যানালাইসিস ও ক্যালকুলেশন সম্পন্ন করে ড্যাটাবেজে আপডেট করা হয়েছে। ইঞ্জিনিয়ারিং জিওলজিক্যাল এবং সাইসমিক হ্যাজার্ড ম্যাপ প্রস্তুত করা হয়েছে। বর্তমানে প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে। | পূর্ববর্তী অর্থ বছরে পরিচালিত বহিরংগন কাজের প্রতিবেদন প্রণয়ন সম্পন্ন করতে হবে। | নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ। |
| **পরিবেশ ভূতত্ত্ব প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.৪। | পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ এ্যাসেসমেন্ট শাখার যশোরের ভবদহ এলাকায় একটি বহিরংগন কর্মসূচী রয়েছে। জনাব সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, আর্লি ওয়ার্নিং সিস্টেম স্থাপন করার জন্য চারটি স্থানে কাঠামো প্রস্তুত সম্পন্ন করা হয়েছে এবং ইতোমধ্যে এনজিআই থেকে আর্লি ওয়ার্নিং সিস্টেম গ্রহণ করা হয়েছে। এখন এগুলো নির্ধারিত স্থানে স্থাপন করা হবে, এপ্রিলের মাঝামাঝিতে এনজিআই থেকে প্রতিনিধি আসার কথা রয়েছে। এর পূর্বে যদি যন্ত্রের লিংকআপ করা সম্ভব হয় তাহলে ঈদের পরপরই শাখার কর্মকর্তাগণ গিয়ে সেগুলো স্থাপন করে আসবে। তিনি বলেন, এ কাজগুলো শেষ হওয়ার পরে বহিরংগন কাজ সম্পন্ন করা হবে। | ক) আর্লি ওয়ার্নিং সিস্টেম স্থাপন কাজ সম্পন্ন করতে হবে।<br>খ) বহিরংগন কর্মসূচী বাস্তবায়ন করতে হবে। | পরিবেশ ভূতত্ত্ব প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা। |
| **দূর অনুধাবন ও জিআই এস শাখা** | | | |
| ৩.৫। | দূর অনুধাবন ও জিআই এস শাখার একটি দল “গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার স্পাশিও-টেমপোরাল ডাইনামিক্স নির্ধারণসহ ভূতাত্ত্বিক ও ভূ-প্রাকৃতিক মানচিত্রায়ন“ শীর্ষক বহিরংগনে গমনের লক্ষ্যে প্রস্তুতিমূলক কাজ শেষ করেছে। | যথাসময়ে বহিরংগন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | দূর অনুধাবন ও জিআই এস শাখা |
| **ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারি ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.৬। | “সিলেট জেলার জৈন্তাপুর উপজেলার ভূতাত্ত্বিক মানচিত্রায়ন” শীর্ষক বহিরংগন কার্যক্রমের বিষয়ে জনাব নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, কাজ সম্পাদন শেষে বহিরঙ্গাণ দল গত ০৬ ফেব্রয়ারি ঢাকায় প্রত্যাবর্তন করেছে এবং ০৭ ও ০৮ তারিখ সাপ্তাহিক ছুটি থাকায় গত ০৯ ফেব্রয়ারি সদর দপ্তর যোগদান করেছে। বর্তমানে এনালাইসিস এর উদ্দেশ্যে বিভিন্ন ল্যাবে নমুনা প্রেরণ করার জন্য বাছাই করা হচ্ছে। | প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়াটারনারি ভূতত্ত্ব শাখা |
| **স্তরতত্ত্ব ও জীবস্তত্ত্ব শাখা** | | | |
| ৩.৭। | এ শাখার কাজের বিষয়ে বলা হয়, পলল নমুনা ও পানির নমুনার ল্যাব এনালাইসিস ও মাইক্রোস্কোপিক এনালাইসিস পূর্বক প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে। | প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | স্তরতত্ত্ব ও জীবস্তত্ত্ব শাখা |
| **ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা** | | | |
| ৩.৮। | ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখার “ঢাকা জেলার দোহার উপজেলার হাইড্রোজিওলজিক্যাল অনুসন্ধানের মাধ্যমে পানির আধারের অবস্থান, গুনগতমান ও পরিবেশ মূল্যায়নকরণ এবং ভূ-রাসায়নিক মানচিত্র প্রস্তুতকরণ“ শীর্ষক বহিরংগন কার্যক্রম বিষয়ে মিজ নূরুন নাহার ফারুকা, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, কাজ শেষ করে দল সদর দপ্তরে যোগদান করেছে এবং নমুনা বিশ্লেষণের কাজ শুরু করা হয়েছে। | প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা |
| **উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা** | | | |
| ৩.৯। | “খুলনা জেলার অন্তর্গত দাকোপ উপজেলার ভূমিরূপের বৈশিষ্ট্যসমূহ এবং আনুষঙ্গিক উপকূলবর্তী দূর্যোগসমূহ নির্ধারনের লক্ষ্যে উপকূলীয়<br>ভূতাত্ত্বিক মানচিত্রায়ন” শীর্ষক বহিরংগন কার্যক্রম বিষয়ে শাখা প্রধান বলেন, বহিরংগন কাজ সম্পন্ন করা হয়েছে। বর্তমানে নমুনা বিশ্লেষণের এর কাজ শুরু হয়েছে। | প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা |
| **শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা** | | | |
| ৩.১০। | “সিলেট জেলার গোয়াইনঘাট এবং জৈন্তাপুর উপজেলার সীমান্তবর্তী নদীসমূহ দ্বারা জমাকৃত পললের মণিকতাত্ত্বিক বিশ্লেষণ এবং কাঁচ বালির সম্ভাব্যতা নিরুপণ” শীর্ষক বহিরংগন হতে সংগৃহীত পললের মণিকতাত্ত্বিক বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। | প্রতিবেদন প্রণয়ন ও যথাসময়ে দাখিল করতে হবে। | শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা |
| **অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা** | | | |
| ৩.১১। | অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখার “নওগাঁ জেলার অন্তর্গত, পোরশা-সাপাহার ও তদসংলগ্ন এলাকায় আঞ্চলিক অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শীর্ষক বহিরংগনের প্রতিবেদন প্রণয়নের কাজ | প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা |

| | | | |
|---|---|---|---|
| **ভূপদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা** | | | |
| ৩.১২। | ভূপদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা বিষয়ে বলা হয়, সহকারী পরিচালক (ভূপদার্থ)-গণকে প্রশিক্ষণের প্রদানের প্রস্তাব প্রকাশনা ও প্রশিক্ষণ শাখায় প্রেরণ করা হয়েছে। বর্তমান অর্থবছরে অর্থের সংকুলান না হলে তাহলে আগামী অর্থবছরে সে প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। | নবীন সহকারী পরিচালক (ভূপদার্থ) গণকে ভূপদার্থ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ভূপদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা ও সংশ্লিষ্ট শাখা |
| **ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা** | | | |
| ৩.১৩। | "দিনাজপুর ও জয়পুরহাট জেলাধীন হাকিমপুর ও পাঁচবিবি উপজেলাধীন হিলি-বাগজানা-করিয়া-কুতুবপুর এলাকার প্রতিসরণ ভূকম্পন জরিপ" শীর্ষক বহিরংগন কর্মসূচির বিষয়ে জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান পরিকল্পনা ও বাস্তবায়ন বলেন, এই কাজটি বাস্তবায়নের জন্য বাপেক্সের সংশ্লিষ্টতা রয়েছে এবং অতিরিক্ত ৭০ হাজার টাকার চাহিদা প্রেরণ করা হয়েছে। সেক্ষেত্রে এই টাকাটা আমাদের দিনমজুর থেকে যাবে নাকি অন্য কোনভাবে ব্যবস্থা করা হবে সেই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে জনাব মোঃ শাহজাহান, উপ পরিচালক (ভূপদার্থ) ও শাখা প্রধান, ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা বলেন, প্রতিসরণে ৫০০ মিটারের অধিক গভরিতায় জরিপ কাজ পরিচালনা করা যায় না, সেক্ষেত্রে প্রতিফলন জরিপ করা যেতে পারে। এর জন্য আমরা যে হোল করি সেটা এক দিনে দুইটার বেশি করা যায় না কিন্তু বাপেক্স একটা মেথডের মাধ্যমে একদিনে দশটার অধিক হোল সম্পন্ন করে। এতএব এ সুবিধাটা আমারা ব্যবহার করতে চাচ্ছি। জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, এই কার্যক্রমে শাখা প্রধান নিজেই বহিরংগন দল প্রধান হিসেবে কাজ করলে বহিরঙ্গণ কার্যক্রম তদারকি কিভাবে সম্পন্ন করা হবে। সভাপতি কাজটি বাস্তবায়নের সময় পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার শাখা প্রধানকে তত্ত্বাবধানের দায়িত্ব প্রদান করেন। | যথাসময়ে বহিরঙ্গন কাজ সম্পন্ন করার প্রস্তুতি গ্রহণ করতে হবে। পরিচালক পরিকল্পনা ও বাস্তবায়ন বহিরঙ্গণ কাজটি তদারকি করবেন। | ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা |
| **বৈশ্লেষিক রসায়ন শাখা** | | | |
| ৩.১৪। | "নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ, সোনারগাঁও, বন্দর ও সদর উপজেলার শীতলক্ষ্যা নদী ও এর তীরবর্তী এলাকার মাটি ও পানিতে শিল্পায়নের রাসায়নিক প্রভাব অনুসন্ধান" শীর্ষক বহিরংগন বিষয়ে<br>মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) বলেন, প্রাথমিক প্রতিবেদন জমা দেয়া হয়েছে এখন নমুনা বিশ্লেষণ ও পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে। | প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | বৈশ্লেষিক রসায়ন শাখা |
| **খনন শাখা** | | | |
| ৩.১৫। | রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার শানেরহাট ইউনিয়নে ড্রিলিং পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। আগামী অর্থবছরের শুরু থেকেই কূপ খনন প্রক্রিয়ার প্রস্তুতি গ্রহণ করতে হবে। | আগামী অর্থবছরে কূপ খননের জন্য প্রস্তুতি গ্রহণ করতে হবে। | খনন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |
| **প্রশাসনিক আলোচনা** | | | |
| ৪। | পরিচালক, অপারেশন ও সমন্বয় বলেন, গত ফেব্রুয়ারি মাসে ৩য় ও ৪র্থ শ্রেণির মোট ৬৮ জন কর্মচারীর যোগদান করেছেন। ইতোমধ্যে মুক্তিযোদ্ধা কোটা, প্রতিবন্ধী কোটা এবং আনাসার কোটায় নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের কোটার ভেরিফিকেশন সম্পন্ন হয়েছে। | কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| **প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা** | | | |

| | | | |
|---|---|---|---|
| ৫। | জনাব মোঃ জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের প্রশিক্ষণ শীঘ্রই শেষ হবে। তিনি বলেন, জিএসবি বগুড়া ক্যাম্প অফিসে প্রায় ২৮ জন কর্মচারী কর্মরত আছে এবং প্রতিবছর ঢাকা সদর দপ্তর থেকে ৪/৫ জন কর্মকর্তা বগুড়া অফিসে গিয়ে ০২ দিনের প্রশিক্ষণ প্রোগ্রাম সম্পন্ন করে। এবারও সে রকম একটা পরিকল্পনা রয়েছে তবে এ খাতের অর্থ বরাদ্দের বিষয় বিবেচনা করে যদি অর্থের সংকুলন হয় তবে ঈদের পরে এই প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা রয়েছে। | ক) কর্মকর্তা/ কর্মচারীদের ইনহাউজ এবং বিভিন্ন ট্রেনিং ইনস্টিটিউটে প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা |
| **প্রকল্প সংক্রান্ত আলোচনা** | | | |
| ৬.১। | GICU প্রকল্পের বিষয়ে প্রকল্প পরিচালক জনাব আসমা হক, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কাজ চলমান রয়েছে। | পরিকল্পনা অনুযায়ী GICU প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। | GICU প্রকল্পের টীম, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা |
| ৬.২। | খনন সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পটি পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে। | খনন সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পের ডিপিপি অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং প্রকল্প সংশ্লিষ্ট শাখাসমূহ। |
| | **বিবিধ আলোচনা** | | |
| ৭. | সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলাধীন জাফলং এলাকায় অবস্থিত ভূতাত্ত্বিক ঐতিহ্য সংরক্ষণের নিমিত্ত পূর্ত কাজ প্রায় সম্পন্ন হয়েছে । জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, সিলেট পিডাব্লিউডিকে কাজ হস্তান্তরের জন্য জিএসবিকে চিঠি দিতে বলা হয়েছে। | সিলেটের গোয়াইনঘাটে জিওহেরিটেজের জন্য চলমান পূর্তকাজ সম্পন্ন করতে হবে। | জিওহেরিটেজ সংশ্লিষ্ট কমিটি |
| ৮. | জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত আলোচনায় জনাব মোঃ সোহেল রানা, উপপরিচালক ভূতত্ত্ব বলেন, কুড়িগ্রাম জেলার বালু গবেষণা কেন্দ্র স্থাপন প্রকল্পের জন্য ফিজিবিলিটি স্টাডির প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে সভাপতি বলেন, সে ক্ষেত্রে এই খাতে অর্থ বরাদ্দ রাখতে হবে। পরিচালক, অপারেশনে ও সমন্বয় বলেন, মন্ত্রণালয় থেকে জানা গেছে যে, মন্ত্রণালয়ে এ কোডে টাকা রয়েছে এবং সেখান থেকে টাকা ব্যবহার করা যেতে পারে। সভাপতি এ প্রকল্পটির ফিজিবিলিটি স্টাডির জন্য প্রস্তাব প্রেরণের নির্দেশ প্রদান করেন।<br><br>সভাপতি অন্যান্য প্রকল্পগুলোর টিপিপি প্রণয়নের অগ্রগতি বিষয়ে জানতে চান। তিনি বলেন যে, জিএসবির প্রকল্পগুলোর টিপিপি দ্রুত জমা দেয়ার বিষয়ে সচিব মহোদয়ের নির্দেশনা রয়েছে। জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, একটি প্রকল্পের টিপিপি জমা দেয়া হয়েছে। সভাপতি চলতি মাসের মধ্যেই বাকী সব প্রকল্পের টিপিপি জমা দেয়ার কথা বলেন। | ক) জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিগুলোকে টিপিপি/ডিপিপি প্রণয়ন করে জমা দিতে হবে।<br><br>খ) কুড়িগ্রাম জেলার বালু গবেষণা কেন্দ্র স্থাপন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডির প্রস্তাব প্রেরণ করতে হবে। | জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিসমূহ এবং সংশ্লিষ্ট সকল শাখা। |

৯. সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধ্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৪-০৪-২০২৫
এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

**নম্বর:** ২৮.০৫.০০০০.০০০.২১১.০৬.০০০৪.১৮.১৪

তারিখ: ২১ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

২। জিএসবির শাখা প্রধানগণ।

৩। প্রকল্প পরিচালক (GICU), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৪। উর্ধ্বতন হিসাব রক্ষণ কর্মকর্তা , হিসাব উপশাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৫। অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

০৫-০৪-২০২৫
মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী
পরিচালক (ভূতত্ত্ব)